**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 3/17/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# বর্জ্য কমিয়ে আনার গবেষণায় সহায়তা করতে সেন্টার ফর গ্লাস ইনোভেশন সম্প্রসারণ করার জন্য 2.5 মিলিয়ন ডলার বরাদ্দ দেওয়া সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

***আলফ্রেড বিশ্ববিদ্যালয়ের নিউ ইয়র্ক স্টেট কলেজ অব সিরামিকসে নতুন কাঁচ উৎপাদন ও পুনর্ব্যবহার সংক্রান্ত গবেষণায় সহায়তা করার জন্য বাড়তি অর্থায়ন***

***বর্জ্য কমিয়ে আনার জন্য নিউ ইয়র্ক স্টেটের একাডেমিক অংশীদারিত্ব এবং সাহসী উদ্যোগগুলোর সঙ্গে যোগ হচ্ছে***

গভর্নর ক্যাথি হোকল আজ রিসাইক্লিং মার্কেট সম্প্রসারণ করা এবং মিউনিসিপ্যাল পর্যায়ের রিসাইক্লিং কর্মসূচিগুলোকে কাঁচ রিসাইকেল ও পুনর্ব্যবহার করার নতুন নতুন উপায় খুঁজে বের করতে সাহায্য করার জন্য আলফ্রেড বিশ্ববিদ্যালয়ের (Alfred University) নিউ ইয়র্ক স্টেট কলেজ অব সিরামিকসের (New York State College of Ceramics) সঙ্গে দেশের নেতৃস্থানীয় সহযোগিতার সম্পর্ক জোরদার করার জন্য স্টেটের পক্ষ থেকে বিনিয়োগের কথা ঘোষণা করেছেন। কাঁচ উৎপাদন, রিসাইক্লিং ও পুনর্ব্যবহারের অপশনগুলো নিয়ে সেন্টারটির চলমান কাজের জন্য ইতোমধ্যে লভ্য 1.7 মিলিয়ন ডলারের সঙ্গে আরো 2.5 মিলিয়ন ডলার যোগ করা হয়েছে।

"নিউ ইয়র্ক জলবায়ু সংক্রান্ত পদক্ষেপের ক্ষেত্রে দেশের নেতৃত্ব দেওয়া অব্যাহত রেখেছে এবং আমাদের রিসাইক্লিং মার্কেট সম্প্রসারণ করা সবার জন্য অধিকতর সবুজ একটি স্টেট গড়ে তোলার জন্য আমাদের প্রচেষ্টার একটি গুরুত্বপূর্ণ অংশ," **বলেছেন গভর্নর হোকল**। "নিউ ইয়র্ক স্টেট কলেজ অব সিরামিকসের সঙ্গে এই অংশীদারিত্ব কঠিন বর্জ্য কমিয়ে আনার জন্য আমাদের প্রচেষ্টাকেএগিয়ে নিয়ে যাবে এবং আমাদের স্টেটকে আমাদের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু লক্ষ্যসমূহ অর্জনের পথে অটল রাখবে।"

যুক্তরাষ্ট্রে ও বিশ্বব্যাপী রিসাইক্লিং মার্কেট অব্যাহতভাবে পরিবর্তনশীলতার সম্মুখীন হচ্ছে, যার ফলে রিসাইক্লিং কার্যক্রমগুলো উপাদানের জন্য উপযুক্ত বাজার খুঁজে পেতে সংগ্রাম করে চলেছে, যা কঠিন বর্জ্য রিসাইকেল করার প্রচেষ্টাকে প্রভাবিত করছে। কাঁচ হচ্ছে মিউনিসিপ্যাল বর্জ্য প্রবাহের সবচেয়ে ভারী উপাদানগুলোর মধ্যে একটি এবং এটির প্রক্রিয়াকরণ ব্যয়বহুল। নিউ ইয়র্ক স্টেট এসব চ্যালেঞ্জ মোকাবেলার উপায়গুলো সম্পর্কে কর্মকৌশল প্রণয়নের জন্য মিউনিসিপ্যালিটিগুলো সহ গুরুত্বপূর্ণ স্টেকহোল্ডারদের সঙ্গে অব্যাহতভাবে কাজ করে যাচ্ছে।

আলফ্রেড বিশ্ববিদ্যালয়ের নিউ ইয়র্ক স্টেট কলেজ অব সিরামিকস (NYSCC)-এর সেন্টার ফর গ্লাস ইনোভেশন (Center for Glass Innovation) যেসব প্রকল্প গ্রহণ করছে তার মধ্যে সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির কারণে ভবিষ্যত বন্যার তীব্রতা প্রতিরোধ করতে সাহায্য করার জন্য লং আইল্যান্ডে সি-ওয়াল নির্মাণের জন্য রিসাইকেলকৃত ও আপসাইকেলকৃত মিউনিসিপ্যাল বর্জ্য কাঁচ এবং অন্যান্য শিল্পখাতের বর্জ্য প্রবাহ থেকে প্রস্তুতকৃত উপকরণ ব্যবহার করা অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও চরম বিরূপ আবহাওয়ার সময় ভবনের সহনশীলতা উন্নত করতে কংক্রিটকে শক্তিশালী করা এবং বাকলিং বা ফুলে যাওয়া প্রতিরোধ করতে সিমেন্ট/কংক্রিটের সঙ্গে কাঁচকে ভেঙে গুঁড়া করে পাউডারের মতো উপকরণ হিসেবে ব্যবহার করার ব্যাপারেও কাজ চলছে।

**নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) কমিশনার বাসিল সেগোস বলেন**, "নিউ ইয়র্ক স্টেট কাঁচ রিসাইকেল করা ও পুনর্ব্যবহার করা এবং বর্জ্য কমিয়ে আনার আরো বেশি টেকসই প্রচেষ্টার সুযোগ খুঁজে বের করার কাজে বিনিয়োগ করছে। NYSCC-এর সঙ্গে এই উদ্দীপনাপূর্ণ অংশীদারিত্ব বর্জ্য কমিয়ে আনার জন্য উদ্ভাবনমূলক রীতি গড়ে তোলা, রিসাইক্লিং অবকাঠামোতে বিনিয়োগ করা, সহজে রিসাইকেল করা যায় এমন পণ্য ব্যবহারে উৎসাহিত করা, এবং স্থানীয় অর্থনীতিকে সহায়তা করার জন্য সামনের সারিতে নিউ ইয়র্কের কাজগুলো অব্যাহত রাখছে।"

কাঁচ বিজ্ঞান ও প্রকৌশল খাতে NYSCC-এর বিশ্বব্যাপী সুনাম রয়েছে এবং এটি কাঁচ বিজ্ঞান বিষয়ে ডক্টরাল ডিগ্রি প্রদানকারী দেশের একমাত্র প্রতিষ্ঠান। 1932 সালে NYSCC-এর কাঁচ বিজ্ঞান ও প্রকৌশল ডিগ্রি চালু হওয়ার পর থেকে, উপকরণ আবিষ্কার, কাঁচ প্রক্রিয়াকরণ, ও প্রস্তুতকরণের ক্ষেত্রে হাজার হাজার গ্র্যাজুয়েট সামনের সারিতে সফল অবস্থান খুঁজে নিয়েছে।

**আলফ্রেড বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট মার্ক জুপান বলেন**, "আলফ্রেড বিশ্ববিদ্যালয় দেশের একমাত্র উচ্চতর শিক্ষার প্রতিষ্ঠান যা আন্ডারগ্র্যাজুয়েট, মাস্টার্স, ও ডক্টরাল পর্যায়ে কাঁচ প্রকৌশল ও বিজ্ঞান প্রোগ্রাম অফার করে থাকে। আমাদের সাবেক শিক্ষার্থী ও অনুষদ সদস্যরা গরিলা গ্লাস; কোভিড টিকা বিতরণের জন্য ব্যবহৃত অত্যন্ত-টেকসই ভ্যালর গ্লাস ভায়াল; ফাইবার অপটিক ক্যাবলের মাধ্যমে ভয়েস ও ডাটা প্রেরণ করার সক্ষমতা; এবং রিসাইকেলকৃত কাঁচ ব্যবহার করে ভবনগুলো 3D প্রিন্ট করার উপায় উদ্ভাবন করেছে। আমাদের ইনামোরি স্কুল অব ইঞ্জিনিয়ারিংয়ের ডিন, ড. গ্যাব্রিয়েল গাউস্টাডের নেতৃত্বে, কাঁচ রিসাইকেল করার সক্ষমতা সমৃদ্ধ করার জন্য নিউ ইয়র্ক স্টেটের সঙ্গে অংশীদার হতে পেরে আমরা গর্বিত, যা বিশ্বব্যাপী স্থায়িত্বের প্রসার ঘটানো এবং সর্বত্র লোকজনকে সেবা প্রদানের জন্য উদ্ভাবনগুলো পৌঁছে দেওয়ার লক্ষ্যে পূরণ হওয়া একটি গুরুত্বপূর্ণ উদ্দেশ্য।"

**আলফ্রেড বিশ্ববিদ্যালয়ের ইনামোরি স্কুল অব ইঞ্জিনিয়ারিংয়ের ডিন এবং ভাইস প্রেসিডেন্ট অব স্ট্যাচুটরি অ্যাফেয়ার্স ড. গ্যাব্রিয়েল গাউস্টাড বলেন**, "স্থায়িত্ব ও রিসাইক্লিং বিষয়ের একজন গবেষক হিসেবে, ব্যক্তিগতভাবে আমার জন্য এই কাজের বাড়তি বিশেষত্ব রয়েছে। এখন পর্যন্ত কাঁচ রিসাইকেল করা ও পুনর্ব্যবহার করার ক্ষেত্রে আমরা যে অগ্রগতি অর্জন করেছি তার ব্যাপারে, বিশেষ করে আমাদের কাঁচ বিজ্ঞান বিভাগের আন্ডারগ্র্যাজুয়েট, গ্র্যাজুয়েট, অনুষদ সদস্য, ও কর্মীদের উন্নয়ন করা নিম্ন মানের ভাঙা কাঁচের

কিছু উদ্ভাবনমূলক ব্যবহারের ব্যাপারে আমি অত্যন্ত রোমাঞ্চিত। এই কাজকে সম্প্রসারণ করা হলে তা নিউ ইয়র্ক স্টেটে এবং এর বাইরে স্কেল-আপ করা ও প্রযুক্তি স্থানান্তর করার বহু সুযোগ প্রদান করবে।"

আজকের ঘোষণা আরো টেকসই উপকরণ ব্যবস্থাপনা রীতি এগিয়ে নিয়ে যাওয়ার কৌশলসমূহ উন্নয়নের জন্য স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York, SUNY)-এর সাথে নিউ ইয়র্ক স্টেটের নিবিড় অংশীদারিত্বের সঙ্গে যোগ হচ্ছে। বর্জ্য কমিয়ে আনা সংক্রান্ত উদ্ভাবনের জন্য এবং নিউ ইয়র্ককে ভবিষ্যতে বাজার বিঘ্নিত হওয়ার বিরুদ্ধে আরো বেশি শক্তিশালী করে তোলার জন্য ইউনিভার্সিটি অ্যাট বাফেলো (University at Buffalo), আলফ্রেড বিশ্ববিদ্যালয়ের NYSCC, স্টোনি ব্রুক ইউনিভার্সিটি (Stony Brook University), এবং কলেজ অব এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ফরেস্ট্রি (College of Environmental Science and Forestry)-এর সঙ্গে ইতোমধ্যে চলমান কাজে অর্থায়নের জন্য DEC 20 মিলিয়ন ডলারেরও বেশি বরাদ্দ প্রদানের অঙ্গীকার করেছে।

**SUNY-এর চ্যান্সেলর জন বি. কিং জুনিয়র বলেন**, "জলবায়ু পরিবর্তনের ক্রমবর্ধমান প্রভাব দেখতে পাওয়ার এই সময়ে, রিসাইকেল করার টেকসই উপায়সমূহ খুঁজে বের করা আমাদের জন্য গুরুত্বপূর্ণ। নিউ ইয়র্ক স্টেট কলেজ অব সিরামিকস আরো কার্যকরভাবে রিসাইকেলকৃত কাঁচ ব্যবহার করার মাধ্যমে ঠিক সেই কাজটিই করছে। সেন্টার ফর গ্লাস ইনোভেশনে তাদের বিনিয়োগের জন্য এবং বর্তমান ও ভবিষ্যতের জন্য নিউ ইয়র্ক স্টেটের পরিবেশগত চ্যালেঞ্জগুলোর টেকসই সমাধান খুঁজে বের করতে আমাদের SUNY ক্যাম্পাসগুলোতে গবেষণামূলক উদ্ভাবনের জন্য তাদের চলমান সহায়তার জন্য আমি গভর্নর ক্যাথি হোকল এবং NYSDEC-এর কমিশনার বাসিল সেগোসকে ধন্যবাদ জানাই।"

**অ্যাসেম্বলি সদস্য জোসেফ গিগলিও বলেন,** "আমি আনন্দিত যে গভর্নর আলফ্রেড বিশ্ববিদ্যালয়ের নিউ ইয়র্ক স্টেট কলেজ অব সিরামিকসে এই উদ্ভাবনমূলক গবেষণা কর্মসূচি সম্প্রসারণের জন্য অর্থায়ন করছেন। নতুন প্রযুক্তি ও প্রক্রিয়াসমূহ উন্নয়নের জন্য লভ্য সব সংস্থান কাজে লাগানো অব্যাহত রাখা তাদের জন্য গুরুত্বপূর্ণ। 2.5 মিলিয়ন ডলারের এই সম্প্রসারণ উদ্ভাবনমূলক, কৌশলগত উপায়ে কাঁচ রিসাইকেল করা এবং পুনর্ব্যবহার করার কাজে আলফ্রেড বিশ্ববিদ্যালয়ের গবেষকদের সফলতা অর্জনের বাড়তি সুযোগ প্রদান করবে, যা নিউ ইয়র্ক স্টেটজুড়ে এবং এর বাইরের মানুষদের জীবন উন্নত করবে।"

আরো কার্যকরভাবে কঠিন বর্জ্য রিসাইকেল করার এসব প্রচেষ্টা উল্লেখযোগ্যভাবে জোরদার করতে, গভর্নর হোকলের 2023-24 অর্থবছরের নির্বাহী বাজেটে স্টেটজুড়ে বর্জ্যের যথাযথ ব্যবস্থাপনা এবং বর্জ্য কমিয়ে আনার উদ্দেশ্যে বর্জ্য কমানো ও রিসাইক্লিং অবকাঠামো আইন (Waste Reduction and Recycling Infrastructure Act, WRRIA) প্রস্তাব করা হয়েছে। এই উদ্যোগ রিসাইক্লিংয়ের হার বৃদ্ধি করবে, প্রতি বছর স্থানীয় সরকারগুলোর কয়েক শত মিলিয়ন ডলার সাশ্রয় করবে - শুধু নিউ ইয়র্ক সিটিতেই যার আনুমানিক পরিমাণ 150 মিলিয়ন ডলার - এবং পরিবেশকে সুরক্ষিত রাখবে। 2021 সালে, প্যাকেজিং ও মুদ্রিত কাগজ রিসাইকেল করার জন্য নিউ ইয়র্ক সিটিকে 400 মিলিয়ন ডলারেরও বেশি ব্যয় করতে হয়েছে, এবং এমনকি অপেক্ষাকৃত ছোট আকারের মিউনিসিপ্যালিটিগুলো যেমন ওয়েস্টচেস্টার কাউন্টি (4.6 মিলিয়ন

ডলার), সিরাকিউস (2.9 মিলিয়ন ডলার), এবং নর্থ টোনাওয়ান্ডা (1.1 মিলিয়ন ডলার) ব্যয়বহুল রিসাইক্লিং ব্যয়ের সম্মুখীন হচ্ছে যা এই নতুন কর্মসূচির মাধ্যমে উল্লেখযোগ্য পরিমাণে কমিয়ে আনা যেতে পারে।

WRRIA রিসাইকেল করার দায়ভার করদাতাদের উপরে নয় বরং উৎপাদকদের উপর আরোপ করার মাধ্যমে প্রতি বছর নিউ ইয়র্কবাসীদের কয়েক শত মিলিয়ন ডলার সাশ্রয় করবে। এই কর্মসূচি উৎপাদকদের জন্য প্যাকেজিং ও কাগজের পণ্য, যেগুলোর বেশিরভাগই রিসাইকেলযোগ্য উপকরণ, সুবিধাজনক উপায়ে সংগ্রহ ও রিসাইকেল করার জন্য একটি কর্মসূচি প্রণয়ন, অর্থায়ন ও বাস্তবায়ন করা আবশ্যক করছে। এই বিল উৎপাদকদের জন্য আগ্রাসী ন্যূনতম রিসাইক্লিংয়ের হার, পুনরুদ্ধারের হার, ভোক্তার কাছ থেকে সংগ্রহ করে কন্টেন্ট রিসাইক্লিংয়ের হার, এবং উৎস কমিয়ে আনার হার অর্জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করবে, এবং সেইসাথে আইন প্রয়োগের প্রবিধান নির্ধারণ করবে এবং সেগুলো প্রতিপালন না করার জন্য দণ্ড নির্ধারণ করবে। এছাড়াও এটি অবকাঠামো ও শিক্ষার জন্য অর্থায়নে সহায়তা করছে, যা রিসাইক্লিংকে সহজতর এবং অপেক্ষাকৃত কম বিভ্রান্তিকর করে তুলতে সাহায্য করছে।

সম্প্রতি, DEC জনসাধারণের পর্যালোচনা ও মন্তব্য প্রদানের জন্য *নিউ ইয়র্ক স্টেটের কঠিন বর্জ্য ব্যবস্থাপনা পরিকল্পনা: টেকসই উপকরণের ব্যবস্থাপনার মাধ্যমে চক্রাকার অর্থনীতি নির্মাণ*-এর খসড়া প্রকাশ করেছে। এই পরিকল্পনায় বর্জ্যের পরিমাণ ন্যূনতম পর্যায়ে রাখা এবং মূল্যবান উপকরণগুলো যাতে অর্থনীতির মধ্যে চক্রাকারে ব্যবহৃত হতে থাকে সে বিষয়টি নিশ্চিত করার মাধ্যমে পরিবেশের অবস্থার অবনতি ও অর্থনৈতিক লোকসান প্রতিরোধ করার উদ্যোগসমূহ এবং একটি চক্রাকার অর্থনীতি এগিয়ে নেওয়াকে অগ্রাধিকার দেওয়া হয়েছে। একটি চক্রাকার অর্থনীতি প্রাকৃতিক সম্পদগুলো সংরক্ষণ করতে, জ্বালানি খরচ কমাতে, দূষণ প্রতিরোধ করতে, গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমাতে, এবং কমিউনিটিগুলোর স্বাস্থ্য সুরক্ষিত রাখতে সাহায্য করে, যেখানে সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোর উপর বৈষম্যমূলকভাবে চেপে বসা অগ্রহণযোগ্য বোঝা লাঘব করার ব্যাপারে মনোযোগ দেওয়া হয়। খসড়া পরিকল্পনাটি DEC-এর ওয়েবসাইটে পাওয়া যাবে এবং সোমবার 15 মে পর্যন্ত জনসাধারণের মন্তব্য গ্রহণ করা হবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন